# আকাশবাণী শিলচর

## REGIONAL NEWS UNIT – SILCHAR

## EVENING NEWS BULLETIN

## BENGALI

**23 APRIL 2025** **7:45—7:55 PM IST**

==================================================

(১) পহলগামে সন্ত্রাসবাদী আক্রমণ সম্পর্কে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর পৌরহিত্যে গুরুত্বপূর্ণ বৈঠক/ এই ঘটনার পরিপ্রেক্ষিতে রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মুর আসাম সফর বাতিল/

(২) শিলচরের বাসিন্দা আসাম বিশ্ববিদ্যালয়ের অধ্যাপকের পরিবার পহলগাম হত্যাকান্ডের মুখোমুখি/ অল্পের জন্য প্রাণরক্ষা/

(৩) পঞ্চায়েত নির্বাচনের জন্য রাজনৈতিক দলগুলির প্রচার অভিযান ক্রমে জোরদার/

এবং

(৪) নুরুদ্দিন আহমেদ আন্তঃজেলা সিনিয়র ট্রফি ক্রিকেটের দক্ষিণ আসাম জোনের প্রতিযোগিতা আজ থেকে আনুষ্ঠানিকভাবে শিলচর ও হাইলাকান্দিতে আরম্ভ/

---

জম্মু কাশ্মীরের পহলগামে গতকাল সন্ত্রাসবাদীর আক্রমণে ২৮ জন পর্যটক নিহত সর্ম্পকীত ঘটনা সম্পর্কে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর পৌরহিত্যে নতুনদিল্লীর প্রধানমন্ত্রীর বাসভবনে বর্তমানে কেন্দ্রীয় মন্ত্রীসভার এক গুরুত্বপূর্ন বৈঠক চলছে । এদিকে সন্ত্রাসবাদী দলটির বিরুদ্ধে সেনাবাহিনী , কেন্দ্রীয় সংরক্ষিত পুলিশ বাহিনী ও জম্মু-কাশ্মীর পুলিশের যৌথ দল জোরকদমে অভিযান চালিয়া যাচ্ছে ।

---

জম্মু-কাশ্মীরের পহলগামের সন্ত্রাসবাদী আক্রমণে প্রত্যেক ভারতীয় নিজেদের আপনজনকে হারানোর পীড়া অনুভব করছেন। কেন্দ্রীয় সরাষ্ট্র মন্ত্রী অমিত শাহ্ জম্মুর

ওয়েসরণ বনাঞ্চলে আজ নিরাপত্তা পরিস্থিতির খোঁজখবর নিয়ে একথা বলেন । তিনি একইসঙ্গে এই অঞ্চলে গতকাল সংঘটিত সন্ত্রাসবাদী আক্রমণে প্রাণ হারানো লোকেদের পরিবারবর্গকে এই বলে আশ্বাস দেন যে- নিরীহ লোকেদের প্রাণ কেড়ে নেওয়া সন্ত্রাসবাদীদের কোনোভাবেই রেহাই দেওয়া হবে না । উল্লেখ্য- গতকালের ঘটনায় ২৮জন পর্যটক প্রাণ হারিয়েছেন । নিহতদের মধ্যে বায়ুসেনা বাহিনীর কর্পোরেল অরুণাচল প্রদেশের টাগে হাইলিয়াঙো রয়েছেন । নিহতদের মরদেহ বিশেষ বিমানে করে শ্রীনগর থেকে তাদের নিজ নিজ ঠিকানায় নিয়ে যাওয়ার ব্যবস্থা করা হয়েছে । এদিকে পুলিশ তিনজন আক্রমণকারীর স্কেচ প্রকাশ করেছে । জাতীয় তদন্তকারী সংস্থা-এন আই এ এই আক্রমণের তদন্তের দায়িত্ব গ্রহণ করেছে। অন্যদিকে প্রতিরক্ষা মন্ত্রী রাজনাথ সিং বলেছেন যে- সরকার পহলগাম আক্রমণের সঙ্গে জড়িত দোষীদের যোগ্য প্রত্যুত্তর প্রদান করবে । বায়ুসেনা বাহিনীর নতুন দিল্লিতে আয়োজিত মার্শাল অর্জুন সিং স্মারক বক্তৃতা প্রদান করে তিনি একথা বলেন । তিনি বলেন- এই আক্রমণের প্রত্যুত্তর দেওয়ার জন্য প্রয়োজনীয় সবধরণের পদক্ষেপ গ্রহণ করা হবে ।

---------------------------------------------------------------------------------------

পহলগামে সন্ত্রাসবাদী আক্রমণের পরিপ্রেক্ষিতে রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মুর আসাম সফর বাতিল করা হয়েছে । উল্লেখ্য- রাজ্যে বেশকয়েকটি কার্যসূচীতে অংশগ্রহণের উদ্দেশ্যে রাষ্ট্রপতি শ্রীমতি মুর্মুর দুদিনের কার্যসূচী নিয়ে আগামীকাল আসামে আসার কথা ছিল । এর পরিপ্রেক্ষিতে আগামী ২৫শে এপ্রিল-শুক্রবারের শ্রীমন্ত শঙ্করদেব পুরস্কার প্রদান কার্যসূচী, যাতে রাষ্ট্রপতির উপস্থিত থাকার কথা ছিল, তা পিছিয়ে দেওয়া হয়েছে । এই সম্পর্কে রাজ্য সরকারের সাধারণ প্রশাসন বিভাগ অনিবার্য কারণবশতঃ এই অনুষ্ঠান পিছিয়ে দেওয়া হয়েছে বলে জানিয়েছে । তবে একই দিনে রাষ্ট্রপতির উপস্থিত থাকার কথা থাকা গৌহাটি বিশ্ববিদ্যালয়ের সমাবর্তন অনুষ্ঠান, তাঁর অনুপস্থিতি সত্ত্বেও নির্ধারিত সূচী অনুযায়ী অনুষ্ঠিত হবে ।

---------------------------------------------------------------------------------------

এদিকে কাশ্মীরের পহলগামে পর্যটকদের উপর গতকাল সংঘটিত সন্ত্রাসবাদী আক্রমণের মুখোমুখি হয়েছেন শিলচরের একটি পরিবারও । গত সোমবার বেড়ানোর উদ্দেশ্যে কাশ্মীর যাওয়া শিলচরের শিবালিক পার্কের বাসিন্দা, আসাম বিশ্ববিদ্যালয়ের বাংলা বিভাগের প্রধান অধ্যাপক দেবাশিস ভট্টাচার্য তাঁর স্ত্রী ও ছেলেকে নিয়ে সেই সময়ে পহলগামের ঐ পর্যটনস্থলে ছিলেন । সন্ত্রাসবাদীদের আক্রমণের সময় তারা আরো অনেকের সঙ্গে একটি গাছের নীচে গিয়ে আশ্রয় নেন । এবং পরে সেখানেও সন্ত্রাসীরা

এসে তাকে লক্ষ্য করে বন্দুক তাক করে বলে তিনি জানিয়েছেন । এবং তার ঠিক পাশের লোকটিকে গুলি করে । ঘটনার বিবরণ দিতে গিয়ে অধ্যাপক ভট্টাচার্য জানান-

বাইট

----------

এদিকে পহলগামে সংগঠিত সন্ত্রাসবাদী হামলার তীব্র নিন্দা জানিয়ে বরাক উপত্যকার বিভিন্ন সংগঠন প্রতিবাদ কার্যসূচী পালন করছে । হাইলাকান্দির হিন্দু জাগরণ মঞ্চের পক্ষ থেকে আজ শহরে প্রতিবাদ কার্যসূচী পালন করা হয় । এছাড়া হাইলাকান্দির ব্যবসায়ীরা আজ শহরের নেতাজী পয়েন্টে শোকসভার আয়োজন করে পহলগাম হত্যাকান্ডে নিহতদের প্রতি শ্রদ্ধা জ্ঞাপন করা হয়েছে । এই জেলার অগ্নিকন্যা সমাজ উন্নয়ন সংস্থাও আজ হাইলাকান্দি শহরের শহিদ স্মারক স্তম্ভে মোমবাতি জ্বালিয়ে নিহতদের স্মরণে শোক প্রকাশ করে নীরবতা পালন করেছে । শিলচরেও আজ সন্ধ্যায় শহরের ক্ষুদিরাম মূর্তির পাদদেশে জমায়েত হয়ে সাধারণ মানুষ পহলগাম হত্যাকান্ডের বিরুদ্ধে প্রতিবাদ কার্যসূচী পালন করছেন ।

---------------------------------------------------------------------------------------

রাজ্যে আসন্ন পঞ্চায়েত নির্বাচনের জন্য বিভিন্ন রাজনৈতিক দল প্রচার অভিযান জোরদার করে তুলেছে ।ক্ষমতাসীন মিত্রজোটের প্রার্থীর হয়ে বিজেপির নেতা তথা মুখ্যমন্ত্রী ড: হিমন্ত বিশ্ব শর্মা , বিজেপির রাজ্য সভাপতি দিলীপ শইকীয়া , কেন্দ্রীয় মন্ত্রী তথা দলের প্রবীন নেতা সর্বানন্দ সনোয়াল , অগপর সভাপতি অতুল বরা সহ অন্যান্য দলের নেতা সমর্থকরা প্রচার চালিয়ে যাচ্ছেন । কংগ্রেস দলের হয়ে দলীয় সভাপতি ভূপেন বরা , সাংসদ গৌরব গগৈ সহ শীর্ষ নেতারা প্রচার চালিয়ে যাচ্ছেন ।

মুখ্যমন্ত্রী ড: হিমন্ত বিশ্ব শর্মা আজ টীয়কের রজাবারী খেলার মাঠ ও সরপথারের ধোন্দাচাম ক্রীড়া সংস্থা খেলার মাঠে দুটি করে নির্বাচনী সভায় ভাষন দেন ।

কাছাড় জেলায় বরাক উপত্যকা উন্নয়ন মন্ত্রী কৌশিক রাই আজ শিলচর জেলা পরিষদ আসনে এবং অম্বিকাপুর গ্রাম পঞ্চায়েতে ভারতীয় জনতা পার্টির মনোনীত প্রার্থীর হয়ে নির্বাচনী জনসভায় ভাষন দেন ।এছাড়া তিনি বরখলা , ভুবনেশ্বর নগর জেলা পরিষদ এলাকার দুধপুর বাজারে আয়োজিত এক জনসভায় অংশ নেন ।

শ্রী ভূমি জেলায় পঞ্চায়েত নির্বাচনের অংশ হিসেবে রাজ্যের পশুপালন মন্ত্রী কৃষ্ণেন্দু পাল আজ পাথারকান্দি বিধানসভা কেন্দ্রের কানাইনগর ফাকুয়া জেলা পরিষদ আসনে ভারতীয় জনতা পার্টির মনোনীত প্রার্থীর হয়ে প্রচার চালান ।

শ্রী পাল বলেন ---

বাইট

হাইলাকান্দি জেলায় ও বিভিন্ন রাজনৈতিক দলের নেতা কর্মীরা নিজ নিজ দলীয় প্রার্থীর সমর্থনে প্রচার অভিযান জোরদার করে তুলেছেন । মন্ত্রী কৃষ্ণেন্দু পাল আজ হাইলাকান্দির বিভিন্ন গ্রাম পঞ্চায়েত এলাকায় বিজেপি ও মিত্রজোট অসম গণ পরিষদের প্রার্থীদের হয়ে প্রচার করেছেন । আয়নাখাল - রাজেশ্বরপুর জেলা পরিষদ আসনের বিভিন্ন স্থানে ও মন্ত্রী প্রচার চালান ।এদিকে শ্রী পাল আগামী ২৬ শে এপ্রিল আয়নাখালে আয়োজিত মুখ্যমন্ত্রী ড: হিমন্ত বিশ্ব শর্মার জনসভার স্থান ও পরিদর্শন করেন । মন্ত্রীর সংগে বরখলার প্রাক্তন বিধায়ক কিশোর নাথ সংগে ছিলেন ।
এদিকে মন্ত্রী কৌশিক রাই গতকাল হাইলাকান্দিতে চারটি নির্বাচনী জনসভায় ভাষন দেন ।সভা শেষ শ্রী রাই জানান মুখ্যমন্ত্রী ড: হিমন্ত বিশ্ব শর্মা প্রচার অভিযানে অংশ নিতে আগামী ২৬ শে এপ্রিল বরাক উপত্যকায় আসবেন । জনস্বাস্থ্য কারিগরী মন্ত্রী জয়ন্ত মল্ল বরুয়া আগামী ২৪ শে এপ্রিল হাইলাকান্দিতে এসে বিজেপি ও অসম গণ পরিষদের প্রার্থীদের হয়ে প্রচার চালাবেন । বিরোধী কংগ্রেস দল ও প্রচার অভিযান জোরদার করে তুলেছে । সাংসদ রকিবুল হুসেই আগামী ২৫ শে এপ্রিল হাইলাকান্দিতে এসে প্রচারে অংশ নেবেন । এছাড়া অন্যান্য রাজনৈতিক দল এ আই ইউ ডি এফ , রাইজর দল ও নির্বাচনী প্রচার জোরদার করে তুলেছে ।

---------------------------------------------------------------------------------

শ্রীভূমি জেলায় পঞ্চায়েত নির্বাচন উপলক্ষ্যে রাজ্য নির্বাচন কমিশনের জারী করা নীতি-নির্দেশিকা অনুসারে জেলার ১ হাজার একশ ৪৩ টি ভোট কেন্দ্রের জন্য বরাদ্দ ভোটের বাক্সগুলির ব্যবহার নির্ধারন করে দিতে গতকাল সন্ধ্যায় জেলা আয়ুক্তের কার্য্যলয়ের সভাকক্ষে ভোটের বাক্সগুলির রেন্ডমাইজেশন সম্পন্ন হয়েছে । জেলা আয়ুক্ত প্রদীপ কুমার দ্বিবেদীর পৌরহিত্যে আয়োজিত রেন্ডমাইজেশন প্রক্রিয়ায় চারজন নির্বাচনী পর্য্যবেক্ষক ক্ষিতিশ চন্দ্র পেগু , ধর্মকান্ত মিলি , ডক্টর দেবজিৎ কানিকর ও সাজ্জাদ আলম সহ রামকৃষ্ণ নগর সম জেলা আয়ুক্ত নিলোৎপল পাঠক প্রমূখ উপস্থিত ছিলেন ।

---------------------------------------------------------------------------------

নূরুদ্দিন আহমেদ সিনিয়র আন্ত জেলা ট্রফি ক্রিকেটের দক্ষিন আসাম জোনের প্রতিযোগীতা আজ থেকে আনুষ্ঠানিকভাবে শিলচর ও হাইলাকান্দিতে শুরু হয়েছে ।

শিলচর সতীন্দ্র মোহন দেব স্টেডিয়ামের মাঠে আয়োজিত প্রতিযোগীতার গ্রুপ ওয়ানের খেলায় হাইলাকান্দি দল ৫৬ রানে ডিমা হাসাও জেলা দলকে পরাজিত করে । প্রথমে ব্যাট করতে নেমে হাইলাকান্দি দল ৫ উইকেটে ২০৪ রান সংগ্রহ করে ।

জবাবে ডিমা হাসাও দল ৩১ ওভার দুই বল খেলে সবকটি উইকেট হারিয়ে ১৪৮ রান তুলতে সক্ষম হয় ।

এদিকে হাইলাকান্দিতে নেতাজী সুভাষ চন্দ্র বসু স্টেডিয়ামে আজ আনুষ্ঠানিকভাবে এই প্রতিযোগিতা শুরু হলেও প্রতিযোগীতার প্রথম দিনের খেলা কার্বি আংলং ও লক্ষীপুর জেলা ক্রীড়া সংস্থার মধ্যে বৃষ্টির কারনে বাতিল হয়ে যায় ।

---------------------------------------------------------------------------------